

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০৭.২০২২. ৫৭৭

তারিখ: ১৮ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০৩ নভেম্বর ২০২৩ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব রফিকুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আশাশুনি, সাতক্ষীরা, প্রাক্তন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা এর বিরুদ্ধে খুলনা জেলার তেরখাদা উপজেলার হাড়িখালী মাধ্যমিক বিদ্যালয়ের একজন শিক্ষকের কাছ থেকে উচ্চতর স্কেল প্রাপ্তির জন্য ১,০০০/- (এক হাজার) টাকা, পঞ্চপল্লী আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের ০৭ (সাত) জন শিক্ষকের কাছ থেকে ১৬,০০০/- (ষোল) হাজার টাকা, পঞ্চপল্লী বিদ্যালয়ের উচ্চতর স্কেলের জন্য ০৩ (তিন) জন শিক্ষকের কাছ থেকে ৬০০০/- (ছয় হাজার) টাকা, ছাগলাদাহ ইউনিয়নের আদিল উদ্দিন স্মরণিক মাধ্যমিক বিদ্যালয়ের ০৩ (তিন) জন শিক্ষকের উচ্চতর স্কেলের জন্য ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা, বি.আর.বি আজগড়া মাধ্যমিক বিদ্যালয়ের ০৪ (সাত) জন শিক্ষকের কাছ থেকে এমপিওভুক্তির জন্য ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা, কুশলা আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের ০৩ (তিন) জন শিক্ষকের কাছ থেকে উচ্চতর স্কেলের জন্য ৯,০০০/- (নয় হাজার) টাকা, শ্রীপুর মধুসুদন মাধ্যমিক বিদ্যালয়ের ০৪ (সাত) জন শিক্ষকের কাছ থেকে উচ্চতর স্কেলের জন্য ৮,০০০/- (আট হাজার) টাকা, ইন্দুহাটি মাধ্যমিক বিদ্যালয়ের ০৪ (চার) জন শিক্ষকের কাছ থেকে এমপিও ও উচ্চতর স্কেলের জন্য ১২,০০০/- (বারো হাজার) টাকা ঘুষ গ্রহণ, অনলাইন এমপিও ভুক্ত করণে ঘুষ নেয়া ও শিক্ষক-কর্মচারী নিয়োগে দুর্নীতি ও হয়রানির অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;


যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন, ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করায় গত ১৮/১০/২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত উভয় পক্ষের বক্তব্য এবং নথির অন্যান্য কাগজপত্র ও প্রমাণক পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩(ঘ) অনুযায়ী “অসদাচরণ” ও “দুর্নীতি”এর অভিযোগ প্রমাণিত হয়;

সেহেতু, জনাব রফিকুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আশাশুনি, সাতক্ষীরা -কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩(ঘ) অনুযায়ী “অসদাচরণ” ও “দুর্নীতি” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(ঘ) বিধি অনুযায়ী তাকে আগামী ০১ (এক) বছরের জন্য “বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ” অর্থাৎ ৭তম গ্রেডের ২৯,০০০-৬৩৪১০/- টাকা বেতন স্কেলের নিম্নতম ধাপ ২৯,০০০/- টাকা মূল বেতনে অবনমিতকরণ-সূচক “লঘুদণ্ড” প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(সোলেমান খান)


সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০৭.২০২২. ৫৭৭/২৬)

তারিখ: ২৬ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব রফিকুল ইসলাম এর ব্যক্তিগত নথিতে/ডেসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সহকারী সচিব (সরকারি মাধ্যমিক-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
- ৬। জনাব রফিকুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আশাশুনি, সাতক্ষীরা।


(মো: শাহীনুর ইসলাম)
উপসচিব